ভোরের কাগজ

তারিখ ... JUL. -1 3 1999
পৃঃ ২ কলাম ৬

# মধ্য আগস্টে ঢা.বির সমাবর্তন হতে পারে

## সিনেটের মুলতবি সভায় উপাচার্য

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক** : ঢাকা বিশ্ববিদ্যালয়ের বার্ষিক সিনেট অধিবেশনের মুলতবি সভা গতকাল সোমবার থেকে আবার শুরু হয়েছে। গত ২৭ জুন সিনেট অধিবেশনে উপ-উপাচার্য বাজেট পেশ করার পর সভা মুলতবি ঘোষণা করা হয়।

উপাচার্য অধ্যাপক এ কে আজাদ চৌধুরী সভাপতির ভাষণে তার সময়ে বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন কর্মকাণ্ড তুলে ধরেন।

অধিবেশনে এ বছর বিশ্ববিদ্যালয়ের ভৌত অবকাঠামো উন্নয়ন পরিকল্পনার কথা লক্ষ্য রেখে 'ইঞ্জিনিয়ারিং সেকশন মূল্যায়ন কমিটি' নামে একটি কমিটি করা হয়। খন্দকার বজলুল হককে প্রধান করে গঠিত কমিটির অন্য সদস্যরা হলেন অধ্যাপক ম. আক্তারুজ্জামান ও অধ্যাপক আব্দুল মান্নান চৌধুরী। একজন সিনেটরের প্রশ্নের উত্তরে উপাচার্য জানান, আগামী আগস্ট মাসের মাঝামাঝি সময়ে বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন হতে পারে। এছাড়া কয়েকজন সিনেটর ডাকসু নির্বাচন করে সিনেটে ছাত্র প্রতিনিধি অন্তর্ভুক্ত করার আহ্বান জানান। এ ছাড়া অধিবেশনে ক্রমহ্রাসমান শিক্ষার মান নিয়েও আলোচনা হয়।

উপাচার্যের ভাষণের পরে আলোচনায় অংশ নেন বদরুদ্দিন হোসেন, সৈয়দ আহমদ, অধ্যাপক ম আক্তারুজ্জামান, অধ্যাপক সুলতানা শফি, অধ্যাপক আব্দুল মান্নান চৌধুরী, অধ্যাপক মোস্তফা চৌধুরী, অধ্যাপক খন্দকার বজলুল হক প্রমুখ।

সভায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ইউনেস্কো শান্তি পুরস্কার পাওয়ায় একটি ধন্যবাদ প্রস্তাব গ্রহণ করা হয়। সভা আজ মঙ্গলবার সাড়ে ৩টায় আবার শুরু হবে।